

বিষয়ঃ রেলপথ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. মোঃ খালেদ হোসেন, অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার রেলপথ মন্ত্রণালয়
তারিখ	:	০৭ আগস্ট ২০২২
সময়	:	দুপুর ১২:০০ টা
স্থান	:	রেলভবনস্থ ৫ম তলা (কক্ষ নং-৫২১)
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ের সিনিয়র সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন টিমের সদস্য সচিবকে অনুরোধ করা হলে তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং রেলপথ মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা (২০২২-২০২৩) অনুসরণে করণীয় কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য এ সভা আহ্বান করা হয়েছে। সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার অগ্রগতির ওপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

কর্মপরিকল্পনার ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.১.১	রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.১.১ অনুযায়ী সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করার কার্যক্রম রয়েছে এবং ইতোমধ্যে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সকল কর্মকর্তা-কর্মচারির নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উদ্ভাবনী ধারণা আহ্বান করা হয়েছে।	আগামী ইনোভেশন সভায় রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা-কর্মচারির নিকট হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ উপস্থাপন করতে হবে।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।
১.২.২	রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে জানান যে, ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু রাখার কার্যক্রম রয়েছে।	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু রাখার নিমিত্ত সংশ্লিষ্ট উদ্ভাবকগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।
১.৪.১	রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে জানান যে, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়নের কার্যক্রম রয়েছে।	৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-কে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য অনুরোধ করে পত্র প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।
১.৪.২	রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে জানান যে, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় ০২(দুই) টি বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজনের কার্যক্রম রয়েছে।	৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় ০২(দুই) টি বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজনের জন্য এ মন্ত্রণালয়ের প্রশাসন-২ শাখায় পত্র প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।

২.২.১	রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উত্তাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪ টি প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম রয়েছে।	রেলপথ মন্ত্রণালয়ের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মকর্তা-কর্মচারির অংশগ্রহণে ই-গভর্ন্যান্স ও উত্তাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪ টি প্রশিক্ষণের আয়োজন করার জন্য একটি রোডম্যাপ প্রণয়ন করতে হবে।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।
২.২.৪	রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কার্যক্রম রয়েছে।	রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিমের সাথে আগামী মাসে একটি সভার আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করা হয়।



(ড. মোঃ খালেদ হোসেন)

অতিরিক্ত সচিব

ও

চীফ ইনোভেশন অফিসার

রেলপথ মন্ত্রণালয়।